C.U. BENGALI HONS. QUESTION PAPERS – 2018
PART–III

পঞ্চম পত্র — ২০১৮

পূর্ণমান - ১০০

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) গীতিকাব্য কাকে বলে? একটি গীতিকাব্য অবলম্বনে গীতিকাব্যের স্বরূপ ও বৈশিষ্ট্য পর্যালোচনা করো। ৪+১৪

অথবা, (খ) উদাহরণসহ যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো : ৯×২

(অ) সনেট (আ) গাথাকাব্য (ই) সাহিত্যিক মহাকাব্য।

২। (ক) 'বীরাঙ্গনা কাব্যে' তোমার পছন্দমতো যে-কোনো দুজন বীরাঙ্গনা নারীর স্বরূপ ও বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো। ৬+৬

অথবা, (খ) 'বীরাঙ্গনা কাব্যে' 'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রটিতে নবনির্মিত শকুন্তলা চরিত্রটির স্বতন্ত্র স্বভাবধর্ম পর্যালোচনা করো। ১২

৩। (ক) 'ক্ষত্র-কুলবালা আমি; ক্ষত্র-কুল-বধূ;—
কেমনে এ অপমান সব ধৈর্ব ধরি।'— P→190

— বক্তা কে? এই উক্তিটির মধ্যে দিয়ে বক্তা-চরিত্রের কোন্ স্বরূপ উদ্‌ঘাটিত হয়েছে? ১+৩

অথবা, 'কেন বা উড়িছে ধ্বজ প্রতি গৃহচূড়ে?
কেন পদাতিক, হয়, রথ, রথী
বাহিরিছে রণবেশে? কেন বা বাজিছে
রণবাদ্য?' P→155

— কে, কাকে এই প্রশ্ন করেছে? এমন প্রশ্ন করবার কারণ শনাক্ত করো। ১+১+২

৪। (ক) 'সোনার তরী' কাব্যের 'বৈষ্ণব কবিতা' অবলম্বনে রবীন্দ্রনাথের বৈষ্ণব-ভাবনার স্বরূপ নির্ধারণ করো। ১২

অথবা, (খ) 'সোনার তরী' কাব্য অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির স্বরূপ উদ্ধার করো। ১২

৫। 'মেঠো সুরে কাঁদে যেন অনন্তের বাঁশি
বিশ্বের প্রান্তর মাঝে'... P→282

— কার লেখা, কোন্ কবিতার অংশ? বাঁশির কান্নার মধ্যে দিয়ে এখানে কোন্ বিশেষ তাৎপর্য উদ্‌ঘাটিত হয়েছে? ১/২ + ১/২ + ৩

অথবা, 'শুধু ভাসে তব দেহসৌরভ
শুধু কানে আসে জল-কলরব
গায়ে উড়ে পড়ে বায়ুভরে তব
কেশের রাশি.........

P > 430

— কার লেখা, কোন্ কবিতার অংশ? কবি এখানে কার দেহ-সৌরভের কথা বলেছেন এবং কেন বলেছেন? ½ + ½ +৩

৬। (ক) নজরুল ইসলাম রচিত 'নারী' কবিতা অবলম্বনে নারী সম্পর্কে কবির দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করো। ৬+৬

অথবা, (খ) 'দারিদ্র্য' কবিতাটিতে কবি নজরুলের যন্ত্রণাদগ্ধ স্বরূপ উদ্‌ঘাটন করো। ১২

৭। 'শ্রাবণ গগন ঘিরে
ঘন মেঘ ঘুরে ফিরে,
শূন্য নদীর তীরে
রহিনু পড়ি....'

— শূন্য নদীর তীরে কে এবং কেন পড়ে আছে তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৩

অথবা, 'আমি তুরীয়ানন্দে ছুটে চলি একি উন্মাদ, আমি উন্মাদ
আমি সহসা আমারে চিনেছি, আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ।'

— কবি ও কবিতার নামোল্লেখ করো। কবি এখানে নিজেকে কেন 'উন্মাদ' বলে চিহ্নিত করেছেন? সংক্ষেপে বলো। ½ + ½ +৩

৮। (ক) সুভাষ মুখোপাধ্যায়ের 'বধূ' কবিতাটির সঙ্গে রবীন্দ্রনাথের 'বধূ' কবিতার সাদৃশ্য ও পার্থক্য বিবৃত করে কবি সুভাষের কাব্যদক্ষতার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৬+৮

অথবা, (খ) 'যেতে পারি, কিন্তু কেন যাবো?' কবিতাটি মৃত্যু ও জীবনের চিরকালীন দ্বন্দ্বের কবিতা" — উক্তিটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৪

৯। 'তবু তাকে খুঁজি সারাক্ষণ
খুঁজি সাধারণ্যে তাকে সাধারণে জনতায় চকিতে নিবিড়ে'....

— কবি এখানে কাকে খুঁজছেন? কেন খুঁজছেন? সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৩

অথবা, 'এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয়.....'

— কবি ও কবিতার নাম বলো। 'রণ রক্ত সফলতা'-র তাৎপর্য বিচার করো। ½ + ½ +৩

১০। নিম্নলিখিত অংশের কাব্যশৈলী বিচার করো: ১৬

(ক) প্রাণ রুদ্ধ, প্রাণ স্তব্ধ। ভারতের স্নিগ্ধ উপকূলে
লুব্ধতার লালা ঝরে। এত দুঃখ, এ দুঃসহ ঘৃণা —
এ নরক সহিতে কি পারিতাম, হে বন্ধু যদি না
লিপ্ত হ'তো রক্তে মোর, বিদ্ধ হ'তো গূঢ় মর্মমূলে
তোমার অক্ষয় মন্ত্র। অন্তরে লভেছি তব বাণী
তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে, জানি।

অথবা, (খ) যত চাও তত লও তরণী-পরে।
আর আছে? — আর নাই, দিয়েছি ভরে।
এতকাল নদীকূলে
যাহা লয়ে ছিনু ভুলে
সকলি দিলাম তুলে
থরে বিথরে —
এখন আমারে লহো করুণা করে।
ঠাঁই নাই, ঠাঁই নাই — ছোটো সে তরী
আমার সোনার ধানে গিয়েছে ভরি।

ষষ্ঠ পত্র — ২০১৮

পূর্ণমান — ১০০

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। ঘটনা পরম্পরার বর্ণনা নয়, মানবিক সম্পর্কগুলির জটিল বিন্যাসের উদ্‌ঘাটনই 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের বিশেষত্ব। — আলোচনা করো। ১৪

অথবা, 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসটি অবলম্বনে কুসুম চরিত্রটির অভিনবত্ব আলোচনা করো। ১৪

২। বীরসা মুণ্ডার 'ধরতি আবা' হয়ে ওঠার ইতিবৃত্তিটি 'অরণ্যের অধিকার' উপন্যাস অবলম্বনে বিবৃত করো। ১২

অথবা, 'অরণ্যের অধিকার' উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির প্রাসঙ্গিকতা আলোচনা করো। ১২

৩। 'একরাত্রি' গল্পের 'ভাঙা স্কুলের সেকেন্ড মাস্টার' চরিত্রটির শিল্প সার্থকতা বিশ্লেষণ করো। ১২

অথবা, 'ক্ষুধিত পাষাণ' গল্পটিকে সার্থক অতিপ্রাকৃত কাহিনি বলা যায় কিনা আলোচনা করো। ১২

৪। 'চুয়া চন্দন' গল্পটির নাকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা, 'টোপ' গল্পটি অবলম্বনে রাজা বাহাদুর চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো। ১৫

৫। 'আমি সত্যই ক্রিশ্চান নাই গো বাপ',— বক্তা কে? উক্তিটির আলোকে বক্তার চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১৪

অথবা, 'এখন প্রেম' গল্পটি এক বিক্ষুব্ধ সময়ের দলিল'— আলোচনা করো। ১৫

৬। 'এমন ছলনা করলে কেন? বললেই হ'ত সঙ্গে যাবে?' — কে কাকে বলেছে? কীভাবে সে ছলনা করেছিল? ২+২

অথবা, 'ও কাজের বরাত দিয়েছি সূর্যকে'। — বক্তা কে? কোন্ কাজের বরাত সে সূর্যকে দিয়েছিল? ১+৩

৭। 'সিং বোঙা পুজব না, তোমার ঠাকুরও পুজব না। তোমার নুন খেয়েছি তাই বেঁচে গেলে।' ১+৩

— কে, কাকে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

অথবা, 'ওর কথা শুনিস না বাবা, জীবনকালে দশটি ছেলেকে ও লড়াইয়ে নামিয়েছে।' — কে, কাকে একথা বলেছে? কার সম্পর্কে কেন এই উক্তি করা হয়েছে? ২+২

৮। 'তাহার চক্ষুদুটি সকল কথাই বলিয়াছিল, কিন্তু কেহ তাহা বুঝিতে পারে নাই।' — কার কথা বলা হয়েছে? তার কথা কেন কেউ বোঝেনি? ১+৩

অথবা, 'কেন, তোমার স্যার আইজ্যাক নিউটনের বুদ্ধি আমি ঘুলিয়ে দেব মনে কর?' — কে, কাকে বলেছে? কাকে 'সার আইজ্যাক নিউটন' বলা হয়েছে? উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন্ মানসিকতা প্রতিফলিত হয়েছে? ২+১+১

৯। যে-কোন *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) 'এ বৌটার পরমায়ু আছে', — কে, কাকে কথাটি বলেছে? কারণ কী? ২+৩

(খ) 'থাকো না কেন রাত্রে? আমি রাত্রে পারেস রেঁধে দেব।' — কে, কাকে একথা বলেছে? কেন সে তাকে থাকতে অনুরোধ করছে? ২+৩

(গ) 'আমার যে যাবার উপায় নেই ভাই।' — বক্তা কে? তার যাবার উপায় নেই কেন? ১+৪

(ঘ) 'যারা করে, তারা করুক। আমাদের বংশে ওসব কোনদিন হয়নি, হবেও না।' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে তার এই উক্তি? ১+৪

১০। যে- কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) 'গল্প লিখতে গিয়ে নিজেই আবার গল্পের নায়িকা হয়ে পড়ো না যেন।' — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে? কারণ কী? ১+১+৩

(খ) 'দেখেও আনন্দ। আপনাদের আর কি ভাবনা মশাই। জীবন সামনে পড়ে আছে।' — কে কাকে বলেছে? বক্তার কোন্ মানসিকতার প্রকাশ এই উক্তিতে ধরা পড়েছে? P → 171 ২+৩

(গ) 'ইচ্ছে করে কেউ ছেলেকে পাগল বানায় না।' — কার উক্তি? ছেলেকে পাগল বানাবার প্রসঙ্গ কেন এসেছে? ১+৪

(ঘ) 'ঠিক হবে না। তোমার দুটো বোন আছে। একজন বিয়ের যুগ্যি।' — কে, কাকে কথাটি বলেছে? কোন কাজ ঠিক হবে না বলা হচ্ছে? কারণ কী? ২+১+২

সপ্তম পত্র — ২০১৮

পূর্ণমান — ১০০

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) ভ্রমণসাহিত্য বলতে কী বোঝ? ভ্রমণসাহিত্যের প্রধান লক্ষণগুলি উল্লেখ করো। বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য ভ্রমণরচনা অবলম্বনে লক্ষণগুলি দেখাও। ৪+৬+৮

অথবা, (খ) যে-কোনো *দু'টি* বিষয়ে আলোচনা করো ঃ ৯×২

(অ) ব্যক্তিগত প্রবন্ধ (আ) বাস্তববাদী সমালোচনা পদ্ধতি (ই) ডায়ারি ও পত্রসাহিত্যের সাদৃশ্য, বৈসাদৃশ্য (ঈ) রম্যরচনা।

২। (ক) 'আমার মন' প্রবন্ধটি সরস লঘু রসের আধারে উপস্থাপিত কিন্তু অন্তরের কথাটি গভীর অনুভবের। — প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করো। ১২

অথবা, (খ) সমালোচকের মতে 'কমলাকান্তের দপ্তর'-এর কমলাকান্ত চক্রবর্ত্তী বঙ্কিমের মুখোশহীন মুখ। — পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো। ১২

৩। (ক) 'তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক্! সমাজ বিশৃঙ্খলার মূল।" — কোন্ রচনার অংশ? প্রসঙ্গটি ব্যাখ্যা কর। ১+৩

অথবা, (খ) 'যদি অন্য কেহ তোমার প্রণয়ভাগী না হইল, তবে তোমার মনুষ্যজন্ম বৃথা' — কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩

৪। (ক) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর চিঠিগুলিতে রয়েছে চলিত গদ্যের আশ্চর্য নৈপুণ্য। — পাঠ্য চিঠিগুলি অবলম্বনে এই গদ্যরীতির পরিচয় দাও। ১২

অথবা, (খ) 'ছিন্নপত্র'-এর চিঠিগুলিতে বিবৃত জীবন অভিজ্ঞতা সমকালের ছোটগল্প সৃষ্টিতে কীভাবে প্রতিফলিত হয়েছে, আলোচনা করো। ১২

৫। (ক) 'আমাদের দু'জনকার মধ্যে একটা খুব গভীর এবং সুদূরব্যাপী চেনাশোনা আছে।' — 'দু'জন' বলতে কাদের বোঝানো হয়েছে? 'সুদূরব্যাপী চেনাশোনা'র অর্থ বুঝিয়ে দাও। ১+৩

অথবা, (খ) 'মানুষের মনখানাও ঠিক ও প্রকাণ্ড প্রকৃতির মতো রহস্যময়' — কোন্ চিঠির অংশ? চিঠির অবলম্বনে তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

৬। (ক) 'এ ছবি তাই আসল পটুয়া ছবি নয়; এর ভাষা রয়ে গেল গ্রাম্য, এর বক্তব্যে এল শহর।'— এখানে কোন্ ছবির কথা বলা হয়েছে? 'আসল পটুয়া ছবি'র সঙ্গে এই ছবির পার্থক্য কোথায়? 'পটুয়া শিল্প' প্রবন্ধ অবলম্বনে বাংলার নিজস্ব সম্পদ সেই প্রকৃত 'পটুয়া ছবি'র' মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৩+৪+৮

(খ) যে দেশে বহু ভাষা ও বহু ধর্ম, সে দেশে ভাষা ও ধর্ম সংক্রান্ত সমস্যা সমাধানের উপায় কী বলে প্রাবন্ধিক মনে করেছেন, তা সংশ্লিষ্ট প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করো। ১৫

৭। (ক) 'বিষয়বস্তু ও রূপ দুই-ই আবার কাল থেকে কালে বদলায়' — 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে কালের প্রেক্ষিতে 'বিষয়বস্তু' ও 'রূপ' সম্পর্কিত লেখকের বক্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

অথবা, (খ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের উত্তরসাধকদের সংকটের স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

৮। নিম্নলিখিত যে- কোনো *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে দেবতা ও মানুষ (খ) মধ্যযুগে চৈতন্য-ভাবান্দোলন ও বাংলা সাহিত্য (গ) বঙ্কিমচন্দ্রের উপন্যাস (ঘ) প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তী বাংলা কবিতা (ঙ) বাংলা নাটকে প্রতিবাদী চেতনা (চ) রবীন্দ্র সাহিত্যে স্বদেশ-চেতনা (ছ) বাংলা সাহিত্যে আত্মজীবনী (জ) বাংলা সাহিত্য ও চলচ্চিত্র।

অষ্টম পত্র — ২০১৮

পূর্ণমান — ১০০

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। যে- কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) কালিদাস রচিত কাব্যগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি কাব্য অবলম্বনে তাঁর কবিপ্রতিভার মূল্যায়ন করো। ৩+৬+৬

(খ) শূদ্রক-এর 'মৃচ্ছকটিকম্' নাটকে সমাজবাস্তবতার যে-রূপটি ধরা পড়েছে তা আলোচনা করে দেখাও এবং এ-বিষয়ে নাট্যকারের স্বাতন্ত্র্য বিশ্লেষণ করো। ১০+৫

(গ) নাট্যকার হিসাবে ভবভূতির কৃতিত্ব আলোচনা করো। ১৫

২। যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৫+৫

অভিজ্ঞানশকুন্তলম্, বিক্রমোর্বশীয়ম্, ঋতুসংহার, কাদম্বরীকথা, গীতগোবিন্দম্।

৩। যে- কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) শেকস্‌পীয়রের একটি ট্র্যাজেডি এবং একটি কমেডি নাটক অবলম্বনে নাটকরচনায় শেকস্‌পীয়র-এর কৃতিত্ব আলোচনা করো। ৭½ + ৭½

(খ) ঐতিহাসিক ঔপন্যাসিক হিসাবে ওয়ালটার স্কট-এর অবদান আলোচনা করো। ১৫

(গ) রোমান্টিক যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি ওয়ার্ডসওয়ার্থ-এর কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১৫

৪। যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৫+৫

প্যারাডাইস রিগেইনড, ডেভিড কপারফিল্ড, ওয়েস্টল্যান্ড, অ্যাডোনেইস, ম্যান অ্যান্ড সুপারম্যান।

৫। যে- কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) প্রেমচন্দের দুটি উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ১৪

(খ) নাট্যকার হিসাবে ভারতেন্দু হরিশ্চন্দ্রের কৃতিত্ব বিচার করো। ১৪

(গ) কবি মহাদেবী বর্মার কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে হিন্দী সাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব নির্ণয় করো। ১৪

৬। যে-কোনো *একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৪

সদ্‌গতি, কুকুরমুত্তা, মৈলা-আঁচল।

৭। (ক) 'চিত্তের রতি প্রভৃতি স্থায়ীভাব, (কাব্যের) বিভাব, অনুভাব ও সঞ্চারীর সহযোগে, রূপান্তর প্রাপ্ত হয়ে, রসে পরিণত হয়'। — আলোচনা করো। ১৬

অথবা, (খ) সংক্ষিপ্ত আলোচনা করো ঃ (যে- কোনো *দুটি*) ঃ ৮+৮

(অ) কাব্যং গ্রাহ্যমলংকারাৎ। (আ) কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্যপাঠকের মন। (ই) এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা।

৮। (ক) "যেমনটি ঠিক তেমনই লিপিবদ্ধ করা সাহিত্য নহে' — মন্তব্যটি রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অনুসরণে বিশ্লেষণ করো। ১৬

অথবা, (খ) যে- কোনো *দুটি* উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৮+৮

(অ) সাহিত্যকারের সেই মানবত্বই সৃজনকর্তা।

(আ) সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববানী।

(ই) সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।

C. U. B.A. HONS. QUESTION PAPERS (PART–III)–2019

BENGALI—HONOURS

পঞ্চম পত্র — ২০১৯

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

১। (ক) মহাকাব্য বলতে কী বোঝো? ধ্রুপদী মহাকাব্যের সঙ্গে সাহিত্যিক মহাকাব্যের পার্থক্যগুলি চিহ্নিত করো। একটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+৪+১০

অথবা,(খ) উদাহরণ *যে-কোনো দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো। ৯+৯

(অ) আখ্যানকাব্য, (আ) পত্রকাব্য, (ই) গীতিকাব্য

২। (ক) 'বীরাঙ্গনা কাব্য'-এর 'সোমের প্রতি তারা' পত্রানুযায়ী তারা চরিত্রের স্বরূপ ও স্বাতন্ত্র্য বিচার করো। ১২

অথবা (খ) 'বীরাঙ্গনা কাব্য'-এর নামকরণের মধ্যেই নিহিত রয়েছে মহাকবি মধুসূদনের উদ্দেশ্য ও অভিপ্রায়' —যুক্তিসহ আলোচনা করো। ১২

৩। (ক) 'চির-অভাগিনী আমি। জনক-জননী ত্যজিলা শৈশবে মোরে না জানি কি পাপে! পরাণে বাঁচিল প্রাণ—পরের পালনে।' P→143

—উদ্ধৃত অংশের বক্তা কে? কার উদ্দেশ্যে তার এই বক্তব্য? জনক ও জননীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে মন্তব্যটির তাৎপর্য নির্ণয় করো। ১+৩

অথবা (খ) 'থাকে যদি ধর্ম্ম, তুমি অবশ্য ভুঞ্জিবে
এ কর্মের প্রতিফল। দিয়া আশা মোরে, P→158
নিরাশ করিলে আজি';

—কে কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছে? উক্তিটির মধ্যে দিয়ে বক্তার যে মানসিকতা প্রকাশ পেয়েছে সংক্ষেপে তার পরিচয় দাও। ১+৩

৪। (ক) 'সোনার তরী' কাব্যের 'সোনার তরী' কবিতাটি রূপক কবিতা হিসাবে কতখানি তাৎপর্য বহন করে তা যুক্তিসহ বিচার করো। ১২

অথবা (খ) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতাটিতে রবীন্দ্রনাথ কাকে উদ্দেশ্য করে যাত্রা করেছেন? এই যাত্রার মধ্যে দিয়ে কবির যে রোমান্টিক মানস-চেতনা পরিস্ফুট হয়েছে সংক্ষেপে তার স্বরূপ বিবৃত করো। ১২

৫। (ক) —'প্রিয়জনে যাহা দিতে পাই
তাই দিই দেবতারে; আর পাব কোথা!
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।'
—উদ্ধৃত অংশটি কোন কবির লেখা কোন কবিতার অংশ? অংশটির মধ্যে কবির যে মনোভাব প্রকাশ পেয়েছে সংক্ষেপে তার পরিচয় দাও।
P→247/230 $\frac{১}{২}+\frac{১}{২}+৩$

অথবা (খ) —'চলিতেছি যতদূর
শুনিতেছি একমাত্র মর্মান্তিক সুর'... P→281
উদ্ধৃত অংশের কবি ও কবিতার নাম উল্লেখ করে কবি এখানে যে 'মর্মান্তিক সুর'-এর কথা বলেছেন তার তাৎপর্য বিবৃত করো। $\frac{১}{২}+\frac{১}{২}+৩$

৬। (ক) 'অভিশাপ' কবিতাটির অবলম্বনে কাজী নজরুল ইসলাম-এর প্রেমভাবনার পরিচয় দাও। ১২

অথবা (খ) 'আমার কৈফিয়ৎ' কবিতাটির স্বরূপ ও ভাবগত ব্যঞ্জনা বিবৃত করে কবিতাটির স্বাতন্ত্র্য নির্ধারণ করো। ১২

৭। (ক) —'আমি বেদুইন, আমি চেঙ্গিস
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।'
—উদ্ধৃত অংশে কবি কেন নিজেকে ' বেদুইন' ও ' চেঙ্গিস' বলে অভিহিত করেছেন? উদ্ধৃতাংশটির মধ্যে দিয়ে কবির মানসিকতার কোন দিকটি প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে লেখো ২+২

অথবা (খ) 'দুঃসহ দাহনে তব হে দর্পী তাপস
অম্লান স্বর্ণেরে মোর করিলে বিরস
অকালে শুকালে মোর রূপরস প্রাণ।'
—উদ্ধৃতাংশটি কোন কবিতা থেকে নেওয়া হয়েছে? কাকে কেন 'দর্পী তাপস' বলা হয়েছে তা বুঝিয়ে দাও। ১+৩

৮। (ক) 'সুচেতনা' কবিতায় 'সুচেতনা' বলতে কবি কী বুঝিয়েছেন? কবিতাটি অবলম্বন করে কবির সমাজসচেতন বিবেকী স্বরূপের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+১০

অথবা (খ) 'বাবরের প্রার্থনা' কবিতায় কবি শঙ্খ ঘোষ ইতিহাসের আশ্রয় নিয়ে কীভাবে সমকালের জীবনবেদনাকে উন্মোচিত করেছেন তা যুক্তিসহ আলোচনা করো। ১৪

৯। (ক) —'এখন খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে : আয় আয় আয়
এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে
চিতাকাঠ ডাকে : আয় আয়'
—উদ্ধৃত অংশটি কোন কবির কোন কবিতার অংশ? 'চাঁদ' ও 'গঙ্গা'-র রূপকার্থ প্রকাশ করো। + +৩

অথবা (খ) 'রক্তে তার পদধ্বনি জীবনের স্পন্দনে স্পন্দনে
স্বপ্নে তার হৃদয় সদাই শ্রাবণের তালদিঘি
উত্তরাধিকারে তার দীর্ঘ অঙ্গীকার প্রেরণা পৌরুষে।'
—কোন কবিতার অংশ? উদ্ধৃতাংশটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৩

১০। নিম্নলিখিত অংশদুটির *যে-কোনো একটি*-র কাব্যশৈলী বিচার করো। ১৬

(ক) এ অনন্ত চরাচরে স্বর্গমর্ত্য ছেয়ে
সবচেয়ে পুরাতন কথা, সব চেয়ে
গভীর ক্রন্দন—'যেতে নাহি দিব।' হায়,
তবু যেতে দিতে হয়, তবু চলে যায়।
চলিতেছে এমনি অনাদিকাল হতে।
প্রলয় সমুদ্রবাহী সৃজনের স্রোতে
প্রসারিত ব্যগ্র বাহু জ্বলন্ত-আঁখিতে
'দিব না দিব না যেতে' ডাকিতে ডাকিতে
হু হু করে তীব্র বেগে চলে যায় সবে
পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।
সম্মুখ ঊর্মিরে ডাকে পশ্চাতের ঢেউ
'দিব না দিব না যেতে'—নাহি শুনে কেউ

(খ) বেণীমাধব, বেণীমাধব, তোমার বাড়ি যাবো
বেণীমাধব, তুমি কি আর আমার কথা ভাবো
বেণীমাধব, মোহনবাঁশী তমাল তরুমূলে
বাজিয়েছিলে, আমি তখন মালতী ইস্কুলে
ডেস্কে বসে অঙ্ক করি, ছোট্ট ক্লাসঘর
বাইরে দিদিমণির পাশে দিদিমণির বর

আমি তখন নবম শ্রেণী, আমি তখন শাড়ি
আলাপ হলো, বেণীমাধব, সুলেখাদের বাড়ি
বেণীমাধব, বেণীমাধব, লেখাপড়ায় ভালো
শহর থেকে বেড়াতে এলে, আমার রঙ কালো
তোমায় দেখে এক দৌড়ে পালিয়ে গেছি ঘরে
বেণীমাধব, আমার বাবা দোকানে কাজ করে
কুঞ্জে অলি গুঞ্জে তবু, ফুটেছে মঞ্জরী
সন্ধেবেলা পড়তে বসে অঙ্ক ভুল করি
আমি তখন নবম শ্রেণী, আমি তখন ষোলো
ব্রীজের ধারে, বেণীমাধব, লুকিয়ে দেখা হলো

ষষ্ঠ পত্র — ২০১৯

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

১। (ক) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের শুরুতে রয়েছে একটি মৃত্যুদৃশ্য এবং উপন্যাসের অগ্রগতি ও পরিণতিতেও রয়েছে মৃত্যুচেতনার প্রতিফলন। —উপন্যাস অবলম্বনে প্রসঙ্গটি আলোচনা করো। ১৪

অথবা (খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে শশী চরিত্রটি কীভাবে প্রচলিত চেনা কাঠামোর বাইরে স্বাতন্ত্র্যমণ্ডিত হয়ে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো। ১৪

২। (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসের শিরোনাম অত্যন্ত ব্যঞ্জনাবহ এবং বহুমাত্রিক। —উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১২

অথবা (খ) মহাশ্বেতা দেবীর 'অরণ্যের অধিকার' উপন্যাসে 'ধানী' মুণ্ডা চরিত্রটির গুরুত্ব ও তাৎপর্য বুঝিয়ে দাও। ১২

৩। (ক) 'নিশীথে' গল্পটি অতিপ্রাকৃত রসের আড়ালে মানব মনস্তত্ত্বের বিশ্লেষণ। —গল্পটি অবলম্বনে আলোচনা করো। ১২

অথবা (খ) 'ল্যাবরেটরী' গল্পের সোহিনী চরিত্রটি নির্মাণে রবীন্দ্রনাথের দক্ষতার মূল্যায়ন করো। ১২

৪। (ক) 'মহানগর' গল্পের শেষে বালক রতনের জীবন-অভিজ্ঞতার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

অথবা (খ) ধনতন্ত্র ও সামন্ততন্ত্রের সংঘাত এবং আপসে শিক্ষিত মধ্যবিত্ত মুখার্জি চরিত্রের অবস্থান 'ফসিল' গল্প অবলম্বনে নির্ণয় করো। ১৫

৫। (ক) সাবিত্রী রায়ের 'অন্তঃসলিলা' গল্প অবলম্বনে 'শকুন্তলা'-র জীবন 'মধ্যবিত্ত নারীর সংগ্রামের ' প্রকৃত রূপ বিশ্লেষণ করো ১৫

অথবা (খ) ফণীশ্বরনাথ 'রেণু'র 'দাহ' গল্পের 'ফাতিমা দি' চরিত্রে সমকালীন ভারতবর্ষেরই প্রতিফলন। —গল্পটি অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৫

৬। (ক) কাকে ডাকছেন ছোটোবাবু? কে যাবে আপনার সঙ্গে? কার উক্তি? কোন প্রসঙ্গে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২

অথবা (খ) 'বিন্দুরও পরিবর্তন হইয়াছিল, এও পরিবর্তন'—কার উক্তি? বিন্দুর কী পরিবর্তন হয়েছিল? এখানে কার কোন পরিবর্তনের কথা বলা হয়েছে? ১+১+২

৭। (ক) 'দিকুতে সাহেবে মিলে মোরে বারবার অশুচ করে।' —কার অশুচি হওয়ার কথা বলা হয়েছে? তার অশুচি হবার কারণ কী? ১+৩

অথবা (খ) 'বীরসা জানত না, ও হেঁটেছিল এক জন্ম, এক জীবন থেকে আরেক জীবনের দিকে।'—প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও? ৪

৮। (ক) 'প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।'—কার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

অথবা (খ) 'এই চিঠিগুলো আমারই চিঠি হয়ে উঠল—ওগুলি আজ আমারই প্রাণের স্তবমন্ত্র।'—বক্তা কে? চিঠিগুলি কে, কাকে লিখেছিল? বক্তার এরূপ বক্তব্যের কারণ কী? ১+১+২

৯। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) 'কিন্তু এ সুখ তাঁর অদৃষ্টে টিকিল না।'—কোন গল্পের অংশ? কোন সুখের কথা বলা হয়েছে? তাঁর অদৃষ্টে টিকলো না কেন? ১+১+৩

(খ) 'মহাসংগীতের স্বাদ তাতে মিলবে না, তৃষ্ণা তাতে মেটবার নয়—জানি।' — কোন গল্পের অংশ? কার লেখা? প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+১+৩

(গ) 'নিমাই পণ্ডিত যে বিয়ের পুরুত, সে বিয়ে অমান্য করে কে?' —কোন বিয়ের কথা বলা হয়েছে? এরূপ উক্তির কারণ কী? প্রসঙ্গ নির্দেশ করে বুঝিয়ে দাও। ১+৪

(ঘ) 'কেন আমায় লজ্জা দিচ্ছেন বারবার। যা হবার হয়ে গিয়েছে। পা ছাড়ুন।' — কে, কার উদ্দেশে কথাগুলি বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ১+১+৩

১০। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) 'সার্কাসে দেখোনি? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সন্তর্পণে হেঁটে ওপারে পৌঁছে যায়।'—কে, কাকে একথা বলেছে? প্রসঙ্গটি উল্লেখ করে তাৎপর্য লেখো। ১+১+৩

(খ) 'তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে, বর্বর হচ্ছে, সূক্ষ্মতার নামে দরকচা মেরে যাচ্ছে।'—কোন গল্পের অংশ? বক্তা কে? কাকে বলেছে, কেন? বুঝিয়ে দাও। ১+১+১+২

(গ) 'সার্জারি করব। তোমাদের মতো পচা রক্ত বাদ দেব।' —কে, কাকে কোন প্রসঙ্গে একথা বলেছে? বক্তব্যের অর্থ কী? ১+১+১+২

(ঘ) 'পেয়ারার ডাল দিয়ে গুলতি করবার সময় মনে হল এটা ঠিক ক্রিশ্চান সম্মত কাজ নয়।'— কোন প্রসঙ্গে কার একথা মনে হয়েছে? প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+১+৩

সপ্তম পত্র — ২০১৯

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

১। (ক) ডায়ারি জাতীয় রচনাগুলি কীভাবে বহুজনের আস্বাদ্য হয়ে ওঠে তা আলোচনা করো। একটি সাহিত্য-পদবাচ্য ডায়ারির বিষয় ও রীতি বিশ্লেষণ করো। ৯+৯

অথবা (খ) *যে-কোনো দুটি* বিষয়ে আলোচনা করো। ৯×২

(অ) তুলনামূলক সমালোচনা পদ্ধতি
(আ) ভ্রমণ সাহিত্য
(ই) বস্তুগত প্রবন্ধ
(ঈ) পত্রসাহিত্য।

২। (ক) 'একা-কে গায় ওই' রচনায় কমলাকান্ত কীভাবে একাকীত্বের নৈরাশ্য থেকে সর্ব-মানবপ্রীতির চেতনায় এসে পৌঁছেছেন, তা বুঝিয়ে দাও। ১২

অথবা (খ) 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে লেখকের হাস্যরস সৃষ্টির নৈপুণ্য বিচার করো। ১২

৩। (ক) 'মনুষ্যমাত্রেই পতঙ্গ'—কোন রচনার অংশ? একথা বলার কারণ পর্যালোচনা করো। ১+৩

অথবা (খ) 'চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী'— কোন রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৩

৪। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে, তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো। ১২

অথবা (খ) 'ছিন্নপত্র'-এর চিঠিগুলির সঙ্গে রবীন্দ্রনাথের লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো। ১২

৫। (ক) 'সেই মরুভূমির মধ্যে নিস্তব্ধ রাত্রে অনেকগুলো আর্তস্বর উঠতে লাগল'— 'মরুভূমি' বলতে কোন স্থানের কথা বলা হয়েছে? 'আর্তস্বর' ওঠার কারণ ব্যাখ্যা করো। ১+৩

অথবা (খ) 'অন্ধকারের আবরণের মধ্যে দিয়ে এই লোকালয়ের একটি যেন সজীব হৃদস্পন্দন আমার বক্ষের উপর এসে আঘাত করতে লাগল।'— কোন্ লোকালয়ের কথা বলা হয়েছে? পত্রসংখ্যা উল্লেখ করে বলো, এই পত্রটিতে রবীন্দ্রনাথ তাঁর লেখা কোন কবিতার প্রসঙ্গ এনেছেন? ২+১+১

৬। (ক) 'কিন্তু একবার সাহিত্যশাসন ব্যবস্থা চালু হলে সহজে তা লোপ পাওয়ার নয়।'—'সাহিত্যের রাজনীতি' প্রবন্ধ অনুসরণে এই 'সাহিত্যশাসন ব্যবস্থার' বিশদ পরিচয় দাও। ১৫

অথবা (খ) 'অতএব ভারতীয় সভ্যতার অবনতির কারণ সম্বন্ধে একাধিক ব্যাখ্যার অবকাশ আছে।'—ভারতীয় সভ্যতার অবনতির যে কারণগুলি লেখক 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে নির্দেশ করেছেন, তা তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৭। (ক) 'শিল্প-সাহিত্যের গতির মোড় ঘোরে যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে'— 'তিন দশকের নাট্যসমীক্ষা' অবলম্বনে চল্লিশের দশকের নাটকের মোড় কীভাবে ঘুরেছে তা আলোচনা করো। পরবর্তী দুই দশকের প্রগতিশীল বাংলা নাটক সম্পর্কে লেখকের অভিমত কী? ৭+৮

অথবা (খ) 'রূপকথা' ও 'উপকথার' পার্থক্য নিরূপণ করো। আজও রূপকথার প্রাসঙ্গিকতা কোথায় তা 'রূপকথা' প্রবন্ধ অবলম্বনে নিজের ভাষায় ব্যক্ত করো। ৫+১০

৮। নিম্নলিখিত *যে-কোনো একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ২০×১

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারী চরিত্র

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রণয়োপাখ্যান কাব্যের ধারা

(গ) উনিশ শতকে বাংলায় মহাকাব্য চর্চার ধারা

(ঘ) স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটোগল্প

(ঙ) বাংলা সাহিত্যের বিকাশে উনিশ শতকের বাংলা সংবাদ-সাময়িকপত্রের ভূমিকা

(চ) বাংলা সাহিত্যে মহিলা উপন্যাসিক

(ছ) বাংলা কথাসাহিত্যে দেশভাগ ও দাঙ্গা

(জ) গণনাট্য আন্দোলন

(ঝ) বাংলা ভ্রমণ সাহিত্য।

অষ্টম পত্র — ২০১৯

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

১। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) কালিদাস রচিত নাটকগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+৬+৬

(খ) বাণভট্ট রচিত দুটি শ্রেষ্ঠ রচনার নাম লেখো। যে-কোনো একটি রচনা অবলম্বনে বাণভট্টের সাহিত্য প্রতিভার মূল্যায়ন করো। ২+১৩

(গ) 'গীতগোবিন্দম্' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। এটি অবলম্বন করে কবি হিসাবে জয়দেবের কৃতিত্ব বিচার করো। ৫+১০

২। *যে-কোনো দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫+৫

মেঘদূতম্, কুমারসম্ভবম্, রঘুবংশম্, মৃচ্ছকটিকম্, উত্তররামচরিত

৩। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) সনেট রচনায় শেকস্পিয়রের মুন্সিয়ানা আলোচনা করে কবি হিসাবে তাঁর বৈশিষ্ট্য ও কৃতিত্ব নিরূপণ করো। ১৫

(খ) রোমান্টিক যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি কিটস্-এর কাব্য প্রতিভার পরিচয় দাও। ১৫

(গ) চার্লস্ ডিকেন্স রচিত দুটি উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক হিসাবে তাঁর কৃতিত্ব বিচার করো। ১৫

৪। *যে-কোনো দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫+৫

দি মার্চেন্ট অফ ভেনিস, প্যারাডাইস লস্ট, আইভ্যান হো, লিরিক্যাল ব্যালাডস্, আর্মস্ অ্যান্ড দি ম্যান।

৫। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) প্রেমচন্দের ছোটোগল্পগুলি অবলম্বনে গল্পকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ১৪

(খ) ছায়াবাদী কবি সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার রচনাগত বিশেষত্ব আলোচনা করো। ১৪

(গ) হিন্দি উপন্যাস সাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর অবদান আলোচনা করো। ১৪

৬। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৪

সেবাসদন, অন্ধের নগরী, নীরজা

৭। (ক) "কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা—কথা নয়, ধ্বনি, রসধ্বনি"—আলোচনা করো। ১৬

অথবা (খ) *সংক্ষিপ্ত আলোচনা করো (যে-কোনো দুটি)।* ৮+৮

(অ) রীতিরাত্মা কাব্যস্য, (আ) বিভাব ও সঞ্চারীভাব, (ই) নবরস।

৮। (ক) "ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে, চিত্র এবং সংগীত।"—মন্তব্যটি রবীন্দ্রনাথের 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো। ১৬

অথবা (খ) *যে-কোনো দুটি* উদ্ধৃতি সংক্ষেপে আলোচনা করো। ৮+৮

(ক) সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।

(খ) এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে।

(গ) এইরূপে বুঝিলে সত্যের অনুভূতি ও সৌন্দর্যের অনুভূতি এক হইয়া দাঁড়ায়।